



আজকের পত্রিকা

০৮-১২-২০২৪, পৃষ্ঠা-অনলাইন

দেশের শিল্পপতিদের গবেষণায় বিনিয়োগের আহ্বান অর্থ উপদেষ্টার



অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

শিল্পখাতে দক্ষ প্রযুক্তি বাড়াতে ও জ্ঞানের ঘাটতি কমাতে শিল্পপতিদের শিক্ষা ও গবেষণায় বিনিয়োগের আহ্বান জানানো অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সেন্সার, সেন্সারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানেজমেন্ট ডিপ্লোমা গ্রাজুয়েটদের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অর্থ উপদেষ্টা একথা বলেন।

আজ রোববার (৮ ডিসেম্বর) ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ক্যাম্পাস আমতলাবনগরে ডিপ্লোমা গ্রাজুয়েটদের সমাপনী অনুষ্ঠানের তিনি একথা বলেন।

তিনি বলেন, বিল পেটস কিংবা ইলন মাস্ক নিজেরাই সব উদ্ভাবন করেননি, তারা দীর্ঘ মেয়াদে গবেষণায় বিনিয়োগের মাধ্যমে সাফল্য পেয়েছেন। অর্থাৎ আমাদের দেশের ব্যবসায়ীরা দক্ষ জনশক্তির অভাব বলে অভিযোগ করেন কিন্তু তারা শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানে কোনো বিনিয়োগ করেন না।



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে অনুষ্ঠানে অতিথিরা। ছবি: সংগৃহীত

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফারাসউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন বাংলাদেশে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক এডিভির আবাসিক প্রতিনিধি হো ইয়ান জং, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান, সেন্সার ও ফুটওয়্যার ইঞ্জিনিয়ারিং অ্যাসোসিয়েশনের সিনিয়র সহ সভাপতি মো. নাজমুল হাসান, অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. ওয়ালিদ হোসেন এবং ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট ডিপ্লোমা ইন সেন্সার, সেন্সারগুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানেজমেন্ট এর প্রোগ্রাম ডিরেক্টর, অধ্যাপক ড. তানবীর আহমেদ চৌধুরী।

অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ডিপ্লোমা গ্রাজুয়েট ছাত্রাও শিক্ষক, কর্মকর্তা, অর্থ মন্ত্রণালয়ের কর্মকর্তা এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক, এডিভির অনেকেই অংশগ্রহণ করেন।